গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
রৌমারী, কুড়িগ্রাম

## ফেব্রুয়ারি-২০২৫ মাসের রৌমারী উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী :

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব উজ্জ্বল কুমার হালদার<br>প্রশাসক, উপজেলা পরিষদ, রৌমারী, কুড়িগ্রাম। |
| সভার তারিখ | : | ২৪/০২/২০২৫খ্রি.। |
| সময় | : | বেলা ১১.৩০ ঘটিকা। |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, রৌমারী, কুড়িগ্রাম। |
| সভার উপস্থিতি | : | হাজিরা খাতায় সংরক্ষিত। |

উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, রৌমারী, কুড়িগ্রাম উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর নিম্নোক্ত আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনা করেন।

আলোচ্য সূচী: ১। গত জানুয়ারি/২০২৫ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২। বিভিন্ন দপ্তরের বিভাগীয় কার্যক্রম প্রসঙ্গে আলোচনা।
৩। বিবিধ।

**আলোচনা ও সিদ্ধান্ত:** কোন সংশোধনী/আপত্তি না থাকায় জানুয়ারি/২০২৫ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

| ক্র: নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, রৌমারী, কুড়িগ্রাম |
| ২ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, রৌমারী, কুড়িগ্রাম। |
| ৩ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার, রৌমারী, কুড়িগ্রাম |
| ৪ | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। ২০২৪-২৫ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন তহবিলের আওতায় চেয়ারম্যানগণ প্রকল্প দাখিল করেছেন। তিনি আরও জানান ১। রৌমারী চক বাজার সেড ২। কত্তিমারী হাট সেড ৩। চর শৌলমারী হাট সেড ৪। দাঁতভাঙ্গা মিট সেড ৫। রৌমারী হেড কোয়াটার হতে ফলুয়ার চর সড়কের ক্ষতিগ্রস্ত কালভার্ট হতে প্রাপ্ত রডের স্পট কোটেশনের বিষয়ে সভায় আলোচনা করেন। | ১। তালিকা অনুযায়ি কার্যক্রম গ্রহণ করতে হবে। ২। ১নং হতে ৫নং ক্রমিকের স্পট কোটেশনের মাধ্যমে কার্যক্রম গ্রহণ করতে হবে। | ১)উপজেলা প্রকৌশলী, রৌমারী, কুড়িগ্রাম। ২) ইউপি চেয়ারম্যান (সকল) রৌমারী। |
| ৫ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপ সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রৌমারী, কুড়িগ্রাম |
| ৬ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার পক্ষে আরএমও সভায় জানান যে, প্রয়োজনীয় জনবল না থাকায় কাঙ্খিত সেবা প্রদান করা সম্ভব হচ্ছে না। বিশেষ করে হাসপাতালটি পরিস্কার পরিচ্ছন্ন রাখার জন্য ২ জন পরিচ্ছন্নতাকর্মীর প্রয়োজন। এছাড়াও সার্জারী ডাক্তারসহ পর্যাপ্ত সংখ্যক চিকিৎসক না থাকায় জরুরিভিত্তিতে চিকিৎসক পদায়নের জন্য অনুরোধ করেন। | অর্গানোগ্রাম অনুযায়ী চিকিৎসক পদায়নের জন্য সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, রৌমারী, কুড়িগ্রাম |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭ | দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। টিআর ও কাবিটা বরাদ্দ বিভাজনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। বিধি মোতাবেক টিআর ও কাবিটা বিভাজন করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রৌমারী, কুড়িগ্রাম |
| ৮ | আয়কর ও ভ্যাট বিভাগ | রাজস্ব কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রৌমারী, কুড়িগ্রাম |
| ৯ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকতা, রৌমারী, কুড়িগ্রাম |
| ১০ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) উপজেলা সমবায় কর্মকর্তা, রৌমারী, কুড়িগ্রাম। |
| ১১ | উপজেলা শিক্ষা বিভাগ | সহকারী উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, প্রয়োজনীয় জনবল না থাকায় দাপ্তরিক কাজে ব্যাঘাত সৃষ্টি হচ্ছে। | প্রয়োজনীয় জনবল নিয়োগের বিষয়ে উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণ করতে হবে। | ১) উপজেলা শিক্ষা অফিসার, রৌমারী, কুড়িগ্রাম |
| ১২ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ফেব্রুয়ারি/২০২৫ ইং মাসে ৩০.৯৮ (ত্রিশ লক্ষ আটানব্বই হাজার) টাকা ঋণ আদায় করা হয়েছে এবং পল্লী দারিদ্র বিমোচন কর্মসূচীর (পদাবিক) আওতায় ৪১ জন উদ্যোক্তা মহিলা এবং ১৫ জন উদ্যোক্তা পুরুষ সদস্যের মাঝে মোট= (৩৫.৫০+১৩.৮০)=৪৯.৩০( উনপঞ্চাশ লক্ষ ত্রিশ হাজার মাত্র) টাকা ঋণ বিতরণ করা হয়। অত্র দপ্তরের ১৩৩টি প্রাথমিক কৃষক সমবায় সমিতির মধ্যে ফেব্রুয়ারি/২০২৫ খ্রি. মাসে ০২টি প্রাথমিক কৃষক সমবায় সমিতির অডিট কার্য এবং উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতির অডিট কার্য সম্পাদন করা হয়েছে। সর্বপরি বিআরডিবির অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকতা, রৌমারী, কুড়িগ্রাম |
| ১৩(১) | দাঁতভাঙ্গা ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, দাঁতভাঙ্গা ইউপি সভায় জানান যে, তার ইউনিয়নের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, দাঁতভাঙ্গা ইউপি, রৌমারী, কুড়িগ্রাম |
| ১৩(২) | বন্দবেড় ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, বন্দবেড় ইউপি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, বন্দবেড় ইউপি, রৌমারী, কুড়িগ্রাম |
| ১৩(৩) | রৌমারী ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, রৌমারী ইউপি সভায় বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। রৌমারী বাজারের বিভিন্ন গলির রাস্তাগুলি আরসিসি দ্বারা পাকা করা প্রয়োজন। রৌমারী ইউনিয়নের হাট-বাজারগুলিতে স্ট্রীট লাইট স্থাপন, উপজেলা পরিষদের পুকুর পাড়ের চারদিকে ঢালাই করণ ও লাইটিং করণ, উপজেলা পরিষদ চত্বর লাইটিং করণের বিষয়ে আলোচনা করেন। | রৌমারী ইউনিয়নের হাট-বাজারগুলিতে স্ট্রীট লাইট স্থাপন, উপজেলা পরিষদের পুকুর পাড়ের চারদিকে ঢালাই করণ ও লাইটিং করণ, উপজেলা পরিষদ চত্বর লাইটিং বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১) উপজেলা প্রকৌশলী, রৌমারী। ২)চেয়ারম্যান, রৌমারী ইউপি, রৌমারী, কুড়িগ্রাম |
| ১৩(৪) | যাদুরচর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, যাদুরচর ইউপি সভায় বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, যাদুরচর ইউপি, রৌমারী, কুড়িগ্রাম |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪ | রৌমারী থানা | অফিসার ইনচার্জ, রৌমারী থানা সভায় জানান যে, রৌমারী উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। তবে রৌমারী উপজেলাটি যেহেতু সীমান্তবর্তী একটি উপজেলা, সেহেতু মাদকদ্রব্য সরবরাহের একটি গুরুত্বপূর্ণ। মাদকের বিরুদ্ধে সরকারের জিরো টলারেন্স নীতির অংশ হিসেবে রৌমারী থানা পুলিশ সর্বাত্নক চেষ্টা করে যাচ্ছে। ধনার চরের জমিজমা সংক্রান্ত বিরোধকে কেন্দ্র করে ১(এক) জন নিহতের ঘটনায় ৬(ছয়) জনকে গ্রেফতার করা হয়েছে। দুই জন পুলিশ সদস্য কে প্রত্যাহার করা হয়েছে। উর্ধ্বতন কর্তৃপক্ষ ঘটনাস্থল পরিদর্শন করেছেন। তিনি ইভটিজিং বিষয়ে তথ্য দিয়ে সহযগিতা করার জন্য আহ্বান জানিয়েছেন। অনেক প্রতিষ্ঠানে নৈশ প্রহরী নিয়োগ থাকলেও তারা সঠিকভাবে দায়িত্ব পালন করেনা । এবিষয়ে তিনি প্রতিষ্ঠান প্রধানকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | মাদকের বিরুদ্ধে অভিযান পরিচালনা অব্যাহত রাখতে হবে। ড্রেজার মেশিন, কাকড়া গাড়ি, ভেকু মেশিন দ্বারা যাতে মাটি কাটতে না পারে এবং পরিবহন করতে না পারে সে বিষয়ে অভিযান পরিচালনা করতে হবে নৈশ প্রহরীদের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১)সহকারী কমিশনার (ভূমি) রৌমারী, কুড়িগ্রাম<br>১) অফিসার ইনচার্জ, রৌমারী থানা, কুড়িগ্রাম |
| ১৫ | তথ্য সেবা কর্মকর্তা, রৌমারী, কুড়িগ্রাম | তথ্যসেবা কর্মকর্তা, সভায় জানান, দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। উঠান বৈঠকগুলো নিয়মিত করা হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | তথ্যসেবা কর্মকর্তা, রৌমারী, কুড়িগ্রাম |
| ১৬ | বিজিবি | কোম্পানী কমান্ডার, রৌমারী বিজিবি সভায় জানান যে, চোরাচালান রোধে সীমান্তে টহল বৃদ্ধি করা হয়েছে এবং সামাজিক সচেতনা বৃদ্ধির লক্ষ্যে নিয়মিত জনসচেতনা সভা করা হচ্ছে। তিনি আরোও জানান ফেব্রুয়ারি/২০২৫ খ্রি. মাসে ১৬ তারিখ পর্যন্ত সর্বমোট ৭,৮৭,৩০০/- টাকার মালামাল সিজার করা হয়েছে। | সীমান্তে টহল বৃদ্ধি অব্যাহত রাখতে হবে। | কোম্পানী কমান্ডার, বিজিবি (সকল), রৌমারী, কুড়িগ্রাম |
| ১৭ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | ইনচার্জ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, রৌমারী সভায় জানান যে, বিভাগের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ইনচার্জ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, রৌমারী, কুড়িগ্রাম |
| ১৮ | উপজেলা নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন অফিসার সভায় জানান যে, ছবিসহ ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম ২০ জানুয়ারি-২০২৫ তারিখ হতে শুরু হয়েছে যা গত ০৩ ফেব্রুয়ারি-২০২৫ তারিখে শেষ হয়েছে৷ নিবন্ধন কার্যক্রম চলমান রয়েছে এবং নিবন্ধন কেন্দ্রে ভোটার উপস্থিতি সন্তোষজনক। আগামি ২ মার্চ সপ্তম জাতীয় ভোটার দিবস ২০২৫ অনুষ্ঠিত হবে। উপজেলা চত্বরে স্থানীয় ভাবে শুভ উদ্বোধন ও র‍্যালীর আয়োজন করা হয়েছে। দিবসটি যথাযথ মর্যাদায় পালনের জন্য সকলের উপস্থিতি কামনা করেন। | আগামি ২ মার্চ সপ্তম জাতীয় ভোটার দিবস উপলক্ষে র‍্যালি ও আলোচনা সভায় সকলকে উপস্থিত থাকতে হবে। | উপজেলা নির্বাচন অফিসার, রৌমারী, কুড়িগ্রাম। |
| ১৯ | সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসের প্রতিনিধি জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে৷গত সভার সিদ্ধান্তের আলোকে বিভিন্ন ভাতাভোগীদের তালিকা ইউনিয়ন পরিষদে সরবরাহের সিদ্ধান্ত থাকলেও সমাজসেবা অফিস কর্তৃক তা সরবরাহ না করায় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ সভায় অসন্তোষ প্রকাশ করেন। | ভাতাভোগীদের তালিকা আবশ্যিকভাবে ইউনিয়ন পরিষদে সরবরাহ করার জন্য সভায় সিদ্ধান্ত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, রৌমারী, কুড়িগ্রাম। |

২০) সভাপতি, বাংলাদেশ প্রেসক্লাব জানান এ উপজেলায় ট্রাক্টর , কাকড়া, ভেকু ও ড্রেজার মেশিন দিয়ে নদীর তীর কেটে বালু উত্তোলন করা হচ্ছে। বালু উত্তোলনের ফলে শতশত একর জমি ধ্বংস হচ্ছে। নদী তীরবর্তী বাড়ীঘর, ফসলী জমি, রাস্তাঘাট ক্ষতিগ্রস্থ হচ্ছে। স্কুলের ছাত্র-ছাত্রীদের চলাচলের সমস্যা হচ্ছে। ট্রাক্টর , কাকড়া, ভেকু মেশিন ও ড্রেজার মেশিন বন্ধের বিষয়ে প্রশাসনের হস্তক্ষেপ কামনা করেন।

**সিদ্ধান্ত:** ট্রাক্টর, কাকড়া, ভেকুমেশিন ও ড্রেজার মেশিন বন্ধের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**বাস্তবায়নে :** ১। উপজেলা নির্বাহী অফিসার, রৌমারী, কুড়িগ্রাম।
২। সহকারী কমিশনার (ভুমি), রৌমারী, কুড়িগ্রাম।
৩। অফিসার ইন চার্জ, রৌমারী থানা, রৌমারী, কুড়িগ্রাম।

(২১) বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের প্রতিনিধি জনাব মো: সাজেদুল ইসলাম সবুজ জানান, উপজেলা পর্যায়ের প্রতিটি দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীগণ নিয়মিত ও সঠিকভাবে অফিস করেন না। ফলে জনগণকে নানাবিধ সমস্যার সম্মুখীন হতে হয়। মাসিক সমন্বয় সভা উপজেলা উন্নয়নের জন্য একটি গুরুত্বপূর্ণ সভা। এ সভায় অনেক সিদ্ধান্ত গৃহিত হয়ে থাকে। গত সভায় অনুপস্থিতির বিষয়টি আলোচনা হয়ে থাকলেও অদ্য এ সভায় অনেক কর্মকর্তা অনুপস্থিত রয়েছেন। তিনি উপজেলা প্রশাসনের প্রত্যেক কর্মকর্তা ও কর্মচারী উপস্থিতি নিশ্চিত করার জন্য অনুরোধ জানান। এ উপজেলার হাট-বাজারসমূহ ঠিকভাবে পরিষ্কার করা হয় না। বিষয়টি দেখার জন্য হাট বাজার ব্যবস্থাপনা কমিটির দৃষ্টি আর্কষণ করেন। সমাজসেবা অফিসে দুর্নীতি বেশী। প্রাপ্য ব্যক্তি সঠিকভাবে ভাতা পাচ্ছেন না। তিনি ইউনিয়ন পরিষদে প্রত্যেক ভাতাভোগীর তালিকা সরবরাহের অনুরোধ জানান।

হাসপাতালের সামনের ব্রীজটির কাজ দীর্ঘদিন যাবত বন্ধ থাকায় জনগণ ভোগান্তির স্বীকার হচ্ছে। এ বিষয়টি তদারকির জন্য তিনি উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আর্কষণ করেন। রৌমারী উপজেলায় নির্দিষ্ট বাস স্ট্যান্ড না থাকায় যত্রতত্র বাসে যাত্রী উঠানামা করায় জনগণ ভোগান্তির স্বীকার হচ্ছে। এ বিষয়ে তিনি নিদিষ্ট সময় বেধে দিয়ে বাস চলাচলের জন্য সভায় জানান। সাম্প্রতিক সময়ে রৌমারী উপজেলার বই চুরির ঘটনাটি সঠিকভাবে তদন্তের মাধ্যমে দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। হাসপাতাল চত্বরের বজ্র্য ব্যবস্থপনা বিষয়ে তিনি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আর্কষণ করেন। রৌমারী হাট বাজারে অবৈধ স্থপনা উচ্ছেদ এবং ড্রেনেজ ব্যবস্থাপনা বিষয়ে সভায় আলোচনা করেন।

সিদ্ধান্ত : ১) প্রত্যেক দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীকে নিয়মিত অফিস করতে হবে।
বাস্তবায়নে: সকল কর্মকর্তা ও কর্মচারী (সকল অফিস, রৌমারী উপজেলা)

২) মন্ত্রিপরিষদ বিভাগ ও স্থানীয় সরকার মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী উপজেলার মাসিক সভায় সংশ্লিষ্ট সকল দপ্তরপ্রধানদের উপস্থিত থাকতে হবে। বাস্তবায়নে : সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ।

৩) হাটবাজার সমূহের পরিষ্কার পরিচ্ছন্নতা এবং ড্রেনেজ ব্যবস্থাপনা বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে।
বাস্তবায়নে : হাট বাজার ব্যবস্থাপনা কমিটি (সকল অফিস, রৌমারী উপজেলা) ও উপজেলা প্রকৌশলী, এলজিইডি।

৪) সমাজসেবা অফিস হতে বিভিন্ন ভাতাভোগীদের তালিকা সংশ্লিষ্ট চেয়ারম্যানগণের নিকট সরবরাহ করতে হবে এবং ইউনিয়ন পরিষদ নোটিশ বোর্ডে টানিয়ে দিতে হবে।
বাস্তবায়নে: সমাজসেবা কর্মকর্তা, রৌমারী, কুড়িগ্রাম ও ইউপি চেয়ারম্যান সকল।

৫) রৌমারী হাসপাতালের সামনে নির্মিতব্য ব্রীজের কাজ দ্রুততম সময়ের মধ্যে সম্পন্নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
বাস্তবায়নে: উপজেলা প্রকৌশলী, রৌমারী, কুড়িগ্রাম।

৬) রৌমারী উপজেলা সদরের নির্দিষ্ট জায়গা ব্যতিত যেন যত্রতত্র বাস দাড়াতে না পারে এ বিষয়ে মনিটরিং করতে হবে।
বাস্তবায়নে: অফিসার ইনচার্জ, রৌমারী থানা, কুড়িগ্রাম।

৭) রৌমারী উপজেলায় আলাদা বাসষ্ট্যান্ড নির্মাণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
বাস্তবায়নে: ১) সহকারী কমিশনার (ভূমি), রৌমারী, কুড়িগ্রাম ২) উপজেলা প্রকৌশলী, রৌমারী, কুড়িগ্রাম।

৮) হাসপাতাল চত্বরের বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
বাস্তবায়নে: উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, রৌমারী

৯) রৌমারী হাট বাজারের অবৈধ স্থপনা উচ্ছেদের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
বাস্তবায়নে: সহকারী কমিশনার (ভূমি) রৌমারী, কুড়িগ্রাম।

২২) বিবিধ বিষয়ে উপজেলা প্রকৌশলী, এলজিইডি, উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে জরুরিভিত্তিতে বাস্তবায়নের জন্য নিম্নবর্ণিত প্রকল্পসমূহ সভায় উপস্থাপন করেন।

| ক্র:নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত মূল্য | অর্থায়ন |
|---|---|---|---|
| ১ | রৌমারী উপজেলা পরিষদের মেইন গেইট নির্মাণ | ২২,৪৩,৮৬৩/- | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল |
| ২ | রৌমারী উপজেলা পরিষদের সামনের বাউন্ডারী ওয়াল নির্মাণ (৫০মি.) | ১০,১৯,৬৭৫/- | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল |
| ৩ | রৌমারী উপজেলা পরিষদের পার্শ্বের বাউন্ডারী ওয়াল নির্মাণ (১৫০মি.) | ১৭,২৮,৫৫১/- | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল |
| ৪ | উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন নতুন অফিস কক্ষ নির্মাণ। | ৯,৭০,৪১২/- | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল |
| | মোট=উনষাট লক্ষ বাষট্টি হাজার পাঁচশত এক টাকা | ৫৯,৬২,৫০১/- | |

**সিদ্ধান্ত** : ০১ হতে ০৪ নং প্রকল্পগুলি রাজস্ব তহবিল হতে নির্মাণের লক্ষ্যে অনুমোদন প্রদানের জন্য সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়।

**বাস্তবায়নে :** ১। প্রশাসক, উপজেলা পরিষদ, রৌমারী, কুড়িগ্রাম।
২। উপজেলা নির্বাহী অফিসার, রৌমারী, কুড়িগ্রাম।
৩। উপজেলা প্রকৌশলী, রৌমারী, কুড়িগ্রাম।

২৩) এছাড়াও উপজেলা প্রকৌশলী, এলজিইডি আরও **জানান যে,** রৌমারী উপজেলা পরিষদের অভ্যন্তরে বিভিন্ন স্থাপনা মেরামত ও সংস্কার করা প্রয়োজন। কিন্তু রাজস্ব তহবিল সীমিত হওয়ায় এবিষয়ে বরাদ্দ চেয়ে মন্ত্রণালয়ে পত্র দেওয়া যেতে পারে। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক নং | প্রকল্পের নাম | আনুমানিক প্রাক্কলিত (টাকা) |
|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদ অডিটরিয়ামের সাউন্ড সিস্টেম আধুনিকরণসহ মেরামত ও সংস্কার | ৫,০০,০০০/- |
| ০২ | উপজেলা পরিষদ পুকুর ও পুকুর পাড় মেরামত ও সংস্কার | ১০,০০,০০০/- |
| | সর্বমোট= (পনের লক্ষ টাকা মাত্র) | ১৫,০০,০০০/- |

**সিদ্ধান্ত** : ০১ হতে ০২ নং প্রকল্পগুলির অনুকূলে স্থানীয় সরকার বিভাগের মেরামত ও সংস্কার খাত হতে বিশেষ বরাদ্দ চেয়ে সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়।

**বাস্তবায়নে :** ১। প্রশাসক, উপজেলা পরিষদ, রৌমারী, কুড়িগ্রাম।
২। উপজেলা নির্বাহী অফিসার, রৌমারী, কুড়িগ্রাম।
৩। উপজেলা প্রকৌশলী, রৌমারী, কুড়িগ্রাম।

২৪) উপজেলা প্রকৌশলী, এলজিইডি জানান যে, ২০২৪-২৫ অর্থ বছরে এডিপি আওতায় উপজেলা উন্নয়ন সহায়তা তহবিল এর ৪(চার) কিস্তিতে সম্ভাব্য ৯৯,৪৪,০০০/-( নিরানব্বই লক্ষ চুয়াল্লিশ হাজার) টাকা বরাদ্দ পাওয়া যাবে। উক্ত টাকার মধ্যে ৩০% প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে ২৯,৮৩,২০০/- (উনত্রিশ লক্ষ তিরাশি হাজার দুইশত) টাকা এবং টেন্ডারের মাধ্যমে ৬৯,৬০,৮০০/- (উনসত্তর লক্ষ ষাট হাজার আটশত) টাকা সর্বমোট ৪৮ টি প্রকল্প বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত টাকার মধ্যে প্রকল্প কমিটির মাধ্যমে ২২টি এবং টেন্ডারের মাধ্যমে ২৬ টি প্রকল্প বাস্তবায়নের লক্ষে প্রকল্প তালিকা চূড়ান্ত করা হয়। উক্ত প্রকল্পসমূহ সদয় অনুমোদনের জন্য সভায় উস্থাপন করা হলো।

| ক্র: নং | প্রকল্পের নাম | ইউনিয়ন | টাকা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | ছোট ধনতলা গ্রামের সাহালমের বাড়ির পশ্চিম পাশ্বে রাস্তায় গাইডওয়াল নির্মাণ | দাঁতভাঙ্গা | ১০০০০০.০০ | টেন্ডার |
| ২. | দাঁতভাঙ্গা গ্রামের জামে মসজিদ সংলগ্ন রাস্তায় গাইড ওয়াল নির্মাণ। | দাঁতভাঙ্গা | ২০০০০০.০০ | টেন্ডার |
| ৩. | হরিণধরা গ্রামের সাদেক আলীর বাড়ি সংলগ্ন রাস্তায় গাইডওয়াল নির্মাণ | দাঁতভাঙ্গা | ১০০০০০.০০ | টেন্ডার |
| ৪. | সোনাভরি নদীর মুখতলার দক্ষিণ দিকে মাদ্রাসা সংলগ্ন রাস্তায় গাইড ওয়াল নির্মাণ | দাঁতভাঙ্গা | ১০০০০০.০০ | টেন্ডার |
| ৫. | চর টাপুরচর গ্রামের জহর উদ্দিন এর বাড়ি থেকে চর টাপুর চর সরকারি প্রাথমিক বিদ্যালয় হয়ে মরহুম মুক্তিযোদ্ধা এম এ মান্নান মিয়া কমিউনিটি ক্লিনিক ভায়া মৃত জয়নাল আবেদীন এর বাড়ি পর্যন্ত রাস্তা সিসি করণ। | দাঁতভাঙ্গা | ৪০০০০০.০০ | টেন্ডার |
| ৬. | দাঁতভাঙ্গা ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে হতদরিদ্র পরিবারের মাঝে নলকূপ বিতরণ। | দাঁতভাঙ্গা | ১০০০০০.০০ | পিআইসি |
| ৭. | দাঁতভাঙ্গা ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে হতদরিদ্র কৃষকদের মাঝে স্প্রে মেশিন বিতরণ। | দাঁতভাঙ্গা | ২০০০০০.০০ | পিআইসি |
| ৮. | দাঁতভাঙ্গা ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে অসহায় ও দরিদ্র নারীদের মাঝে সেলাই মেশিন বিতরণ। | দাঁতভাঙ্গা | ২০০০০০.০০ | পিআইসি |
| ৯. | সুতির পাড় হাফিজিয়া ও নূরানী মাদ্রাসার টিনের বেড়া ,মেঝ ও দরজা জানালা নির্মাণ | শৌলমারী | ২০০০০০.০০ | টেন্ডার |
| ১০. | বড়াইকান্দি গ্রাম জামে মসজিদ সংস্কার | শৌলমারী | ১০০০০০.০০ | টেন্ডার |
| ১১. | বড়াইকান্দি টালুয়ারচর পাকা রাস্তার খলিলের বাড়ি হতে দঃ দিকে আব্দুল হাই রাস্তা সিসি | শৌলমারী | ২০০০০০.০০ | টেন্ডার |
| ১২. | বড়াইকান্দি ডিসি রাস্তা হতে বাতার গ্রাম গামী তালেব মোড় তৈয়ব আলী দোকান উঃ দিকে রাস্তা সিসি করণ | শৌলমারী | ২০০০০০.০০ | টেন্ডার |
| ১৩. | শৌলমারী ইউনিয়নের বেহুলারচর গ্রামের আব্দুলের দোকান ঘর সংলগ্ন ব্রীজের পশ্চিমে পুকুরের সাইডে গাইড ওয়াল নির্মাণ। | শৌলমারী | ২০০০০০.০০ | টেন্ডার |
| ১৪. | শৌলমারী ইউনিয়নের কৃষকদের মাঝে স্প্রে মেশিন বিতরণ | শৌলমারী | ১৫০০০০.০০ | পিআইসি |
| ১৫. | সুতিরপাড় নূর মোল্লার বাড়ি হতে পূর্ব উঃ দিকে অসমাপ্ত রাস্তা সিসি করণ | শৌলমারী | ২০০০০০.০০ | পিআইসি |
| ১৬. | শৌলমারী ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে দুস্থ্য ও অসহায় পরিবারের মাঝে টিউবওয়েল বিতরন | শৌলমারী | ১৫০০০০.০০ | পিআইসি |
| ১৭. | উঃ বাইটকামারী নুরানী ও হাফিজিয়া মাদ্রাসার বাউন্ডারী ওয়াল নির্মাণ | বন্দবেড় | ৭০০০০০.০০ | টেন্ডার |
| ১৮. | ৭নংওয়ার্ডের বাঘমারা গ্রামের শুকুর আলীর বাড়ি হতে পঃ দিকে পাকা রাস্তা পর্যন্ত সিসি করণ | বন্দবেড় | ৩৫০০০০.০০ | টেন্ডার |
| ১৯. | ৩নং বন্দবেড় ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে কৃষকদের মাঝে স্প্রে মেশিন বিতরণ | বন্দবেড় | ২০০০০০.০০ | পিআইসি |
| ২০. | ৩নং বন্দবেড় ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে দুস্থ নারীদের মাঝে সেলাই মেশিন বিতরণ | বন্দবেড় | ১০০০০০.০০ | পিআইসি |
| ২১. | খঞ্জনমারা বুদ্ধি প্রতিবন্ধী অটিস্টিক বিদ্যালয়ের মেঝ পাকা করণ। | বন্দবেড় | ২০০০০০.০০ | পিআইসি |
| ২২. | রৌমারী উপজেলার বাংলাদেশের প্রথম ডাকঘরের রক্ষণাবেক্ষণ কাজ | রৌমারী | ১০০০০০.০০ | পিআইসি |
| ২৩. | রৌমারী ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে হতদরিদ্র মাঝে সেলাই মেশিন বিতরণ | রৌমারী | ১৫০০০০.০০ | পিআইসি |
| ২৪. | রৌমারী ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে হতদরিদ্র কৃষকদের মাঝে স্প্রে মেশিন বিতরণ | রৌমারী | ১৫০০০০.০০ | পিআইসি |
| ২৫. | রৌমারী ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে হতদরিদ্রদের মাঝে টিউবওয়েল বিতরণ | রৌমারী | ২০০০০০.০০ | পিআইসি |
| ২৬. | দক্ষিণ ইজলামারী ছবিজলের বাড়ি হতে উঃ দিকে জিন্নার বাড়ি পর্যন্ত রাস্তা সিসি করন | রৌমারী | ৫৫০০০০.০০ | টেন্ডার |
| ২৭. | রৌমারী মুক্তিযোদ্ধা মার্কেট হতে মাঝিপাড়া মোড় ভায়া শহিদুল ইসলাম সালুর বাড়ি পর্যন্ত | রৌমারী | ৩০০০০০.০০ | টেন্ডার |
| ২৮. | রৌমারী ইউনিয়নের বিভিন্ন গুরুত্বপূর্নস্থানে সোলার স্ট্রীট লাইট স্থাপন কাজ। | রৌমারী | ৪৩৫০০০.০০ | টেন্ডার |
| ২৯. | যাদুরচর ইউনিয়নের ১-৯ নং ওয়ার্ডের অতিদরিদ্র পরিবারের মাঝে টিউবওয়েল বিতরণ | যাদুরচর | ২০০০০০.০০ | পিআইসি |
| ৩০. | যাদুরচর মহিউস সুন্নাহ আলিম মাদ্রসার সামনে মাটি ভরাট | যাদুরচর | ১০০০০০.০০ | পিআইসি |
| ৩১. | যাদুরচর ইউনিয়নের ১-৯ নং ওয়ার্ডের গরিব কৃষকদের মাঝে স্প্রে মেশিন বিতরন | যাদুরচর | ২০০০০০.০০ | পিআইসি |
| ৩২. | লালকুড়া পাকা রাস্তা হইতে রাবার ড্রাম ব্রীজ রোড সিসি করণ | যাদুরচর | ২০০০০০.০০ | টেন্ডার |
| ৩৩. | কোমরভাঙ্গি নয়াপাড়া জেলাল এর বাড়ির সামনে পাকা রাস্তা হতে দঃ দিকে রাস্তা সিসি করন | যাদুরচর | ২০০০০০.০০ | টেন্ডার |
| ৩৪. | যাদুরচর ইউনিয়ন পরিষদ মেরামত | যাদুরচর | ২০০০০০.০০ | টেন্ডার |
| ৩৫. | যাদুরচর ইউনিয়নের কাশিয়াবাড়ি পাকারাস্তা হতে পুরাতন যাদুরচর গোলাম আলীর বাড়ি রাস্তা এইচবিবি করণ | যাদুরচর | ১৫০০০০.০০ | টেন্ডার |
| ৩৬. | যাদুরচর ইউনিয়নের উঃ লালকুড়া পাকা রাস্তা হতে দঃ দিকে খেয়াঘাট পর্যন্ত রাস্তা এইচবিবি করণ | যাদুরচর | ১৫০০০০.০০ | টেন্ডার |
| ৩৭. | চর শৌলমারী ইউনিয়ন কমপ্লেক্স ভবন এর গ্রিল ও কলাপসিব্ল গেট নির্মাণ | চর শৌলমারী | ৬০০০০০.০০ | টেন্ডার |
| ৩৮. | রৌমারী উপজেলার চর শৌলমারী ইউনিয়নের ৯নং ওয়ার্ডের শফিয়ার রহমান (সবিয়ার মুন্সি) এর বাড়ি থেকে মাফুজল হক এর বাড়ি পর্যন্ত রাস্তা সিসি | চর শৌলমারী | ১৫০০০০.০০ | টেন্ডার |
| ৩৯. | চর গেন্দার আলগা ইসমাইল এর বাড়ির পূর্ব পাশে গাইড ওয়াল নির্মাণ ওয়ার্ড নং-৬ | চর শৌলমারী | ১৫০০০০.০০ | টেন্ডার |
| ৪০. | মাসুদের বাড়ির উঃ পার্শ্বে রাস্তার উত্তরে গাইডওয়াল নির্মাণ | চর শৌলমারী | ১০০০০০.০০ | পিআইসি |
| ৪১. | আমির হামজার বাড়ির পশ্চিম পাশে রাস্তার পূর্বে গাইডওয়াল নির্মাণ | চর শৌলমারী | ১০০০০০.০০ | পিআইসি |
| ৪২. | চর শৌলমারী কমিটমেন্ট স্কুল এন্ড কলেজ এর শিক্ষক মিলতায়নের আসবাপত্র ওয়ার্ড-৫ | চর শৌলমারী | ১০০০০০.০০ | পিআইসি |
| ৪৩. | কাজাইকাটা এয়াজ আলী মাষ্টারের বাড়ির পশ্চিম পাশের রাস্তায় গাইডওয়াল নির্মাণ | চর শৌলমারী | ২০০০০০.০০ | পিআইসি |
| ৪৪. | তুরা বন্দর আরসিসি রোড নির্মাণ | রৌমারী | ৫০০০০০.০০ | টেন্ডার |
| ৪৫. | কলাবাড়ি কেন্দ্রীয় জামে মসজিদ সংস্কার | যাদুরচর | ১০০০০০.০০ | টেন্ডার |
| ৪৬. | ভাষা আন্দোলনের স্মৃতি বিজরিত উপজেলার প্রথম শহিদ মিনার সংস্কার | রৌমারী | ২০০০০০.০০ | টেন্ডার |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪৭. | রৌমারী উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা উপকরণ বিতরণ | সকল | ১৫০০০০.০০ | পিআইসি |
| ৪৮. | রৌমারী উপজেলার বিভিন্ন ক্লাবে খেলাধুলা সামগ্রী বিতরণ | সকল | ১৫০০০০.০০ | পিআইসি |
| | টেন্ডারের সাশ্রয়কৃত অর্থসহ মোট = এক কোটি এক লক্ষ পয়ত্রিশ হাজার টাকা | | ১,০১,৩৫,০০০/- | |

**সিদ্ধান্ত** : সভায় সর্বসম্মতিক্রমে উপরোক্ত প্রকল্পসমূহ অনুমোদন ও ২০২৪-২৫ অর্থবছরে এডিপি'র আওতায় উপজেলা উন্নয়ন সহায়তা তহবিলের অর্থায়নে জরুরি ভিত্তিতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়।

**বাস্তবায়নে :** ১। প্রশাসক, উপজেলা পরিষদ, রৌমারী, কুড়িগ্রাম।
২। উপজেলা নির্বাহী অফিসার, রৌমারী, কুড়িগ্রাম।
৩। উপজেলা প্রকৌশলী, রৌমারী, কুড়িগ্রাম।
৪। সংশ্লিষ্ট সকল

(২৫) **বিবিধ বিষয়ে আলোচনায় উপজেলা নির্বাহী অফিসার সভায় :** রৌমারী উপজেলা পরিষদের নিম্নোক্ত বিলসমূহ অনুমোদনের জন্য অনুরোধ জানান।

১। ফেব্রুয়ারি/২০২৫ মাসের আপ্যায়ন বিল ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা।
২। ফেব্রুয়ারি/২০২৫ মাসের আনুষাঙ্গিক বিল ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা।
৩। ফেব্রুয়ারি/২০২৫ মাসের ইন্টারনেট বিল ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা।
৪। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার বিধিমালা ২০২০ এর ৩(ম) অনুচ্ছেদের আলোকে নিরাপত্তা খাত মোতাবেক ফেব্রুয়ারি/২০২৫ মাসের আনসারদের আনুষাঙ্গিক বিল ১০,০০০/- (দশ হাজার) টাকা।
৫। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার বিধিমালা ২০২০ এর ৩(ট) অনুচ্ছেদের আলোকে পরিষদের পানির পাম্প মেরামত বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা বিল প্রদান।
৬। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার বিধিমালা ২০২০ এর ৩(ছ)অনুচ্ছেদের আলোকে আসবাবপত্র মেরামত বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা বিল প্রদান।
৭। ফেব্রুয়ারি/২০২৫ মাসের গাড়ী চালক, মালী, সুইপার ও কেয়ারটেকারের দৈনিক মজুরি প্রদান।

উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, রৌমারী উপজেলায় ১টি দূর্গম চরাঞ্চল বেষ্টিত উপজেলা। এ উপজেলা উন্নয়নের জন্য সকলের সহযোগিতা কামনা করেন। পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

28/02/2025

(উজ্জ্বল কুমার হালদার)
প্রশাসক
উপজেলা পরিষদ
রৌমারী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রৌমারী, কুড়িগ্রাম।

স্মারক নং-০৫.৪৭.৪৯৭৯.০০০.০৩.০১১.২৩-১৬৪

তারিখ : ১১ ফাল্গুন ১৪৩১ / ২৪ ফেব্রুয়ারি ২০২৫

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, ঢাকা।
২। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৩। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/পানি উন্নয়ন বোর্ড, কুড়িগ্রাম।
৪। চেয়ারম্যান, দাঁতভাঙ্গা/শৌলমারী/বন্দবেড়/রৌমারী/যাদুরচর/চর শৌলমারী ইউপি, রৌমারী, কুড়িগ্রাম।
৫। উপজেলা ........................................ কর্মকর্তা/অফিসার ইনচার্জ, রৌমারী থানা, কুড়িগ্রাম।
৬। ........................................................... রৌমারী, কুড়িগ্রাম।
৭। অফিস কপি।

28/02/2025

(উজ্জ্বল কুমার হালদার)
উপজেলা নির্বাহী অফিসার
রৌমারী, কুড়িগ্রাম।